
bengalioldsongs.in



মহম্মদ রফি

বম্বের বিখ্যাত শিল্পী মহম্মদ রফির খ্যাতি সারা ভারতে। তাঁর কণ্ঠের গভীরতা ও মাদকতা এবারের আধুনিক বাংলা গান দু'খানিকে সার্থক ক'রে তুলেছে।

মহম্মদ রফি

## Mohd. Rafi

কথা :—প্রণব রায় সুর :—বিনোদ চট্টোপাধ্যায়

**N 82846** না-ইবা পরিলে আজ মালা চন্দন
কথা ছিল, দেখা হ'লে বিজনে

(১)

না-ইবা পরিলে আজ মালা চন্দন
বিনা সাজে তুমি মোর মনের মতন।
না-ই দিলে কবরীতে ফুল
পড়ে থাক্ মুকুতার দুল
কেন আল্‌তার অনুরাগে
রাঙাও চরণ॥

এলো চুলে না-ই আজ
বাঁধলে বেণী
সেই তো ভালো,
মিছেই কাজল দাও
ও দু'টি চোখে
সে যে, আপনি কালো।
না-ই থাক্ কুম্‌কুম্ টিপ্
তবু তুমি রূপের প্রদীপ
প্রিয়া, আমার নয়নে তুমি
নিতুই নূতন॥*

(২)

কথা ছিল, দেখা হ'লে বিজনে
তোমার মনের কথা বল্‌বে।
আমার মুখের পানে
তোমার নয়ন দু'টি
সন্ধ্যাতারার মত জ্বল্‌বে॥

মৃদু সুরে ডেকে' প্রিয় নাম
চুপি চুপি আমি শুধালাম,
মোর, আঁধার-জীবন পথে
প্রদীপ ধরে'
তুমি কি আমার সাথে চল্‌বে॥

কোনো কথা বল নি সেদিন
নীরব রয়েছো নত নয়নে
ভালবাসা যেখানে গভীর
থাকে না কথার ঢেউ সেখানে।
সে-দিনের না-বলা ভাষায়
বুঝেছি কি বলেছ আমায়
হাসি মুখে ব্যথা স'য়ে
জানি গো তুমি
আমারই পথের কাঁটা দলবে॥*

—শিল্পীর কণ্ঠ-মাধুর্যে সমৃদ্ধ—

একখানি বাংলা রেকর্ড

**N 82809** এ জীবনে যদি আর কোন দিন
ঐ দূর দিগন্ত পারে